**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 0↳05-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**<u>Headlines :</u>**

**(১) ADC`র ভিলেজ কমিটি নির্বাচনের প্রস্তুতি শুরু | ভোটকেন্দ্রের খসড়া তালিকা প্রকাশ আগামী ১১ ই মে |**

**(২) সারা দেশের মধ্যে জাতীয় পঞ্চায়েত পুরষ্কারের সর্বশ্রেষ্ঠ জেলা হিসেবে নির্বাচিত সিপাহীজলা জেলা |**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির উপস্থিতিতে পশ্চিমবঙ্গের প্রথম বিজেপি মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিলেন শুভেন্দু অধিকারী।**

**(৪) তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেট প্রতিযোগিতা আজ শুরু হয়েছে।**

*******************

**ADC-VILLAGE COMMITTE :**

রাজ্য নির্বাচন কমিশন জেলা পরিষদ অর্থ্যাৎ ADC`র ভিলেজ কমিটি নির্বাচনের জন্য আজ থেকে প্রস্তুতি শুরু করেছে | কমিশন আজ ভিলেজ কমিটিগুলির ভোটকেন্দ্রে খসড়া তালিকা প্রকাশের জন্য বিজ্ঞপ্তি জারি করেছে। এই বিজ্ঞপ্তি অনুযায়ী, ভোটকেন্দ্রে খসড়া তালিকা প্রকাশ করা হবে আগামী ১১ ই মে | খসড়া তালিকার উপর দাবি ও আপত্তি গ্রহণ করা হবে আগামী ১৫ ই মে

পর্যন্ত | দাবি ও আপত্তির নিষ্পত্তির কাজ শেষ হবে আগামী ১৬ ই মে | ভিলেজ কমিটিগুলির ভোটকেন্দ্রের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে আগামী ১৮ ই মে |

********************

**Panchayet Awards :**

কেন্দ্রীয় সরকার জাতীয় পঞ্চায়েত পুরস্কার ২০২৫-এর বিজয়ীদের নাম ঘোষণা করেছে, যেখানে সারা দেশ থেকে ৪২টি পঞ্চায়েত এই সম্মানের জন্য নির্বাচিত হয়েছে। পঞ্চায়েতি রাজ মন্ত্রক জানিয়েছে যে, আগামী মাসের ৩ তারিখে নয়াদিল্লিতে পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। মন্ত্রকের তথ্য অনুযায়ী, নানাজি দেশমুখ সর্বোত্তম পঞ্চায়েত সতত বিকাশ পুরষ্কার - ২০২৫ এর জন্য দেশের সেরা তিনটি জেলা মনোনীত হয়েছে | এর মধ্যে সর্বশ্রেষ্ঠ জেলা হিসেবে মনোনীত হয়েছে সিপাহীজলা জেলা | পুরস্কার মূল্য ৫ কোটি টাকা | স্বাস্থ্যন্নোত পঞ্চায়েত হিসেবে শীর্ষস্থান পেয়েছে উনকোটি জলের অন্তর্গত কুমারঘাট মহকুমার কাঞ্চনবাড়ি গ্রাম পঞ্চায়েত | পুরস্কার মূল্য ১ কোটি টাকা | মহিলা বান্ধব পঞ্চায়েত হিসেবে তৃতীয় স্থানের জন্য নির্বাচিত হয়েছে পশ্চিম জেলার হেজামারা ব্লকের বৈকুন্ঠপুর গ্রাম পঞ্চায়েত। পুরস্কার মূল্য ২৫ লক্ষ টাকা |

********************

**National Lok Adalat :**

রাজ্যে আজ জাতীয় লোক আদালতে অনুষ্ঠিত হয় | রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের উপ সচিব রাজর্ষি চক্রবর্তী জানিয়েছেন, হাইকোর্টে একটি বেঞ্চ সহ মোট ৪৬ টি বেঞ্চে ২৫ হাজার ৫১৪ টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হয়।

হাইকোর্টে দুটি মামলার নিষ্পত্তি হয়েছে। সন্ধ্যা পর্যন্ত ১0 হাজারে উপর মামলার নিষ্পত্তি হয়েছে।

***********************

## CHEMIST :

অল ত্রিপুরা কেমিস্টস অ্যান্ড ড্রাগিস্টস অ্যাসোসিয়েশনের উদ্যোগে আজ আগরতলার বোধজং উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন ধলেশ্বর রামকৃষ্ণ মিশনের মহারাজ অমর্তানন্দজী, প্রাক্তন বিধায়ক ডক্টর দিলীপ কুমার দাস, আগরতলা প্রেসক্লাবের সভাপতি প্রণব সরকার প্রমুখ। শিবিরে ২00 জন রক্তদান করেন।

********************

## DEFENCE :

দেশের পরবর্তী চিফ অফ ডিফেন্স স্টাফ হচ্ছেন লেফটেন্যান্ট জেনারেল এন এস রাজা সুব্রামনি। তিনি গত সেপ্টেম্বর থেকে জাতীয় নিরাপত্তা পরিষদ সচিবালয়ে সামরিক উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করছেন। নৌবাহিনীর পরবর্তী প্রধান হচ্ছেন ভাইস অ্যাডমিরাল কৃষ্ণ স্বামীনাথন।প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছে, শ্রী স্বামীনাথন বর্তমানে ওয়েস্টার্ন নেভাল কমান্ডের ফ্ল্যাগ অফিসার কমান্ডিং-ইন-চিফ হিসাবে দায়িত্ব পালন করছেন।

********************

**PMGSY :**

প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা-র (PMGSY) এর ২৫ বছর পূর্তিতে রজত জয়ন্তী উদযাপন এবং PMGSY-চার -এর জাতীয় সূচনা অনুষ্ঠান আগামিকাল মধ্যপ্রদেশের সেহোর জেলার ভৈরুন্ডায় অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানের সূচনা করবেন কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান। শ্রী চৌহান PMGSY-চার -এর অধীনে মধ্যপ্রদেশে মোট ২,১00 কিলোমিটারেরও বেশি দৈর্ঘ্যের ৯৭৩টি রাস্তার জন্য মুখ্যমন্ত্রী ডঃ মোহন যাদবের কাছে অনুমোদনপত্র এবং আর্থিক বরাদ্দ হস্তান্তর করবেন। কেন্দ্রীয় গ্রামীণ উন্নয়ন মন্ত্রক জানিয়েছে, এই প্রকল্পগুলিতে মধ্যপ্রদেশ জুড়ে ৯৮৭টি জনবসতি উপকৃত হবে বলে আশা করা হচ্ছে। মন্ত্রক আরো জানিয়েছে, PM-JANMAN উদ্যোগের অধীনে ৩৮↵ কিলোমিটারেরও বেশি সড়ক প্রকল্পের অনুমোদন দেওয়া হবে, যাতে ১৬৮টি অনগ্রসর জনপদ সরাসরি উপকৃত হবে। অনুষ্ঠানে শ্রী চৌহান চলতি অর্থ বছরের জন্য প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় ১৮, ৯০৭ কোটি টাকার প্রতীকী বরাদ্দ ঘোষণা করবেন।

*******************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

****************************

**CM-WEST BENGALI :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির উপস্থিতিতে পশ্চিমবঙ্গের প্রথম বিজেপি মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিলেন শুভেন্দু অধিকারী। রাজ্যপাল আর. এন. রবি শপথবাক্য পাঠ করান। সাথে আরও পাঁচজন মন্ত্রী শপথ নিয়েছেন। কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে শপথ গ্রহণ অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, কেন্দ্রীয় মন্ত্রী জেপি নাড্ডা, বিজেপি-র জাতীয় সভাপতি নীতিন নবীন, ত্রিপুরার মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা সহ বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রী উপস্থিত ছিলেন।

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে অভিনন্দন জানালেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। অভিনন্দন বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, গুরুদেব রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মজয়ন্তী উপলক্ষে শান্তি ও 'সোনার বাংলা'-র এক নতুন ভোর অবশেষে এসেছে এবং এক নতুন সূচনা হয়েছে। বিকশিত ও সমৃদ্ধ বাংলার স্বপ্ন এবার বাস্তবায়িত হবে বলে তিনি জানান।

***********************

**RABINDRA JAYANTI :**

রাজ্যজুড়ে নানা অনুষ্ঠানে পালিত হচ্ছে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৫ তম জন্মবার্ষিকী। আজ সকালে তথ্য-সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আগরতলার রবীন্দ্র কাননে প্রভাতী অনুষ্ঠানে বিভিন্ন শিল্পী রবীন্দ্র সংগীত, নৃত্য, আবৃত্তির মাধ্যমে শ্রদ্ধা জানান। উপস্থিত ছিলেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী শান্তনা চাকমা সহ অন্যান্যরা। আগরতলা রবীন্দ্র শতবার্ষিকী প্রাঙ্গনে অনুষ্ঠিত হয় কবি প্রনাম অনুষ্ঠান | বাংলা সংস্কৃতি বলয়ের উদ্যোগে আজ সকালে আগরতলা শহরে প্রভাতফেরীর আয়োজন করা হয় |

আজ রাজ্যভিত্তিক কবিপ্রনাম অনুষ্ঠানের আয়োজন করা হয় কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে| বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে ও তথ্য-সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়। উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়,কুমারঘাট পুর পরিষদের চেয়ারম্যান বিশ্বজিৎ দাস প্রমুখ।

সিপাহীজলা জেলার বিভিন্ন স্থানে যথাযোগ্য মর্যাদায় উদযাপিত হয়েছে ১৬৫ তম রবীন্দ্র জন্ম জয়ন্তী। তথ্য-সংস্কৃতি দপ্তর ও মেলাঘর পুর পরিষদের যৌথ উদ্যোগে  সোনামুড়া মহকুমা ভিত্তিক  মূল অনুষ্ঠানটি  হয় মেলাঘর পুরপরিষদ সংলগ্ন রবীন্দ্রনাথের পূর্ণাবয়ব মূর্তির পাদদেশে। উপস্থিত ছিলেন মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন অনামিকা ঘোষপাল রায় |

উত্তর ত্রিপুরা জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তর, বিদ্যালয় শিক্ষা দপ্তর এবং ধর্মনগর পুর পরিষদের যৌথ উদ্যোগে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মজয়ন্তী উপলক্ষে ধর্মনগরে অনুষ্ঠিত হয় শ্রদ্ধাঞ্জলি ও বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠান। উপস্থিত ছিলেন ধর্মনগরের নবনির্বাচিত বিধায়ক জহর চক্রবর্তী, ধর্মনগর পুরপরিষদের চেয়ারপারসন মিতালী রানী দাস সেন |

আগরতলার উইমেন্স কলেজের এন এস এস ইউনিটের উদ্যোগে আগরতলার আম্বেদকর পল্লীতে কবিপ্রনাম অনুষ্ঠানের আয়োজন করা হয় |

খোয়াই জেলা শিক্ষা দপ্তরের উদ্যোগে এবং গনকী দ্বাদশ বিদ্যালয়ের ব্যবস্থাপনায় জেলাভিত্তিক রবীন্দ্র জন্ম জয়ন্তী উদযাপন করা হয়।উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভানেত্রী অপর্ণা সিংহ রায়।

গোমতি জেলায় কবি প্রনামের মূল অনুষ্ঠানটি হয় রবীন্দ্র স্মৃতি বিজড়িত রাজনগরের ভুবনেশ্বরী মন্দির প্রাঙ্গনে। উপস্থিত ছিলেন বিধায়ক অভিষেক দেবরায়, গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায় |

********************

**RABINDRA JAYANTI -SOUTH :**

শান্তিরবাজারের মুকুট অডিটোরিয়ামে তথ্য ও সংস্কৃতি দপ্তর, শান্তিরবাজার পুর পরিষদ ও শান্তিরবাজার সাহিত্য পরিষদের উদ্যোগে কবি প্রনাম অনুষ্ঠানের উদ্বোধন করেন দক্ষিণ জেলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত।

বিলোনিয়ায় ত্রিপুরা সংস্কৃতি সমন্বয় কেন্দ্র আয়োজিত কবি প্রনাম অনুষ্ঠানে রবিঠাকুরের কবিতা আবৃত্তি করেন বিধায়ক দীপংকর সেন। এসএফআই ও ডিওয়াইএফআইের উদ্যোগে বিলোনিয়ায় হয় কবি প্রণাম অনুষ্ঠান। বিলোনিয়ার শিশু উদ্যানে তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং বিলোনিয়া পুর পরিষদের উদ্যোগে প্রভাতী কবি প্রণাম অনুষ্ঠানের সূচনা করেন বিলোনিয়া পুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ |

*********************

**AGNI :**

ভারত গতকাল উড়িষ্যার ডঃ এপিজে আব্দুল কালাম দ্বীপ থেকে এম.আই.আর.ভি. সিস্টেম সহ অত্যাধুনিক অগ্নি ক্ষেপনাস্ত্রের সফল উৎক্ষেপন পরীক্ষা করেছে। সামাজিক মাধ্যমে, প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছে, ক্ষেপণাস্ত্রটি একাধিক পেলোড দিয়ে পরীক্ষা করা হয়, যা ভারত মহাসাগর অঞ্চলের বিশাল ভৌগোলিক স্থানে বিভিন্ন লক্ষ্যবস্তুতে লক্ষ্য করে। মন্ত্রক বলেছে, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং এম.আই.আর.ভি. ক্ষমতার সাথে অগ্নি ক্ষেপনাস্ত্রের সফল পরীক্ষার জন্য ডি.আর.ডি.ও., ভারতীয় সেনাবাহিনী এবং সংশ্লিষ্ট শিল্পের প্রশংসা করেছেন। শ্রী সিং বলেছেন, এটি ক্রমবর্ধমান হুমকির বিরুদ্ধে দেশের প্রতিরক্ষা প্রস্তুতিতে এক বিশাল ক্ষমতা যোগ করবে।

********************

**AMIT SHAH :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ দেশে সম্ভাব্য বন্যা ও তাপপ্রবাহ পরিস্থিতি মোকাবেলায় প্রস্তুতির সার্বিক পর্যালোচনার জন্য আগামীকাল নয়াদিল্লিতে একটি গুরুত্বপূর্ণ উচ্চ-পর্যায়ের বৈঠকে পৌরহিত্য করবেন।

বৈঠকে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী প্রাকৃতিক বিপর্যয়ে প্রাণহানি শূন্য এবং সম্পত্তির ক্ষতি ন্যূনতম রাখা নিশ্চিত করতে কেন্দ্রীয় সরকারি সংস্থাগুলির প্রস্তুতি মূল্যায়ন করবেন এবং আগাম সতর্কীকরণ ব্যবস্থা, সম্পদ মোতায়েন ও আন্তঃসংস্থা সমন্বয় পর্যালোচনা করবেন।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী শ্রী অমিত শাহ দেশজুড়ে গৃহীত দীর্ঘমেয়াদী বন্যা প্রতিরোধ ব্যবস্থার অগ্রগতিও পর্যালোচনা করবেন। এর মধ্যে রয়েছে গুরুত্বপূর্ণ পরিকাঠামো প্রকল্পগুলির সুরক্ষা, নদী ব্যবস্থাপনা উদ্যোগ এবং পূর্বাভাসে বৈজ্ঞানিক অগ্রগতি।

*********************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের খোয়াই জেলা,গোমতী জেলা দক্ষিণ জেলা,পশ্চিম জেলা ও সিপাহীজলা জেলায় বজ্র বিদ্যুৎ এবং ঘন্টায় 40 থেকে ৫0 কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪.৯ ডিগ্রি সেলসিয়াস।

***********************

**KNOCK CRICKET :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত তপন স্মৃতি ঘরোয়া নকআউট ক্রিকেট প্রতিযোগিতা আজ শুরু হয়েছে। প্রথম দিনে তিনটি খেলা হয়। এম বি বি স্টেডিয়ামে চলমান সংঘ ৫ উইকেটে ইউনাইটেড বি এস টি-কে, নরসিংগড়ের পি টি এ মাঠে হার্ভে ক্লাব ১ রানে ওল্ড প্লে সেন্টারকে এবং নরসিংগড়ের টি আই টি মাঠে মৌচাক ক্লাব ৪ উইকেটে পোলস্টার ক্লাবকে পরাজিত করে।

******************

******************